



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



জরুরি

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৭৬৬

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৮

২৬ জুলাই ২০২১

বিষয়: সরকারি খাদ্যশস্য পরিবহণ কাজে নিয়োজিত যানবাহন ও ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধি ও খাদ্যশস্য খালাস/বোঝাই কাজে নিয়োজিত শ্রমিকদের বন্দর ও সংশ্লিষ্ট জেলার সরকারি গুদামসমূহে গমনাগমনের বিষয়ে সহযোগিতা প্রদান

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে সরকার কর্তৃক ২৩/০৭/২০২১ খ্রি. থেকে লকডাউন কঠোরভাবে কার্যকর করা হয়েছে এবং তা অব্যাহত রয়েছে। সম্প্রতি রিক্সা ব্যতীত সকল প্রকার যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়েছে। সরকারি ভান্ডারে চালের পর্যাপ্ত মজুত গড়ে তোলার লক্ষ্যে অভ্যন্তরীণভাবে ৬,৫০,০০০ (ছয় লাখ পঞ্চাশ হাজার) মে.টন ধান, ১১,৩৫,০০০ (এগারো লাখ পঁয়ত্রিশ হাজার) মে.টন সিদ্ধ চাল ও ১,০০,০০০ (এক লাখ) মে.টন আতপ চাল সংগ্রহ কার্যক্রম অব্যাহত রয়েছে। সংগ্রহঘন এলাকার সরকারি গুদামে জায়গা করা এবং ঘাটতি এলাকার গুদামে খাদ্যশস্য প্রেরণের লক্ষ্যে চলাচলসূচির মাধ্যমে খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম চলমান রাখতে হচ্ছে। এছাড়া দেশের খাদ্যশস্যের (চাল/গম) মজুত বৃদ্ধির লক্ষ্যে সরকার কর্তৃক বৈদেশিকভাবে ৬.৩৭ লাখ মে.টন চাল আমদানি অব্যাহত রয়েছে। আমদানিকৃত খাদ্যশস্য চট্টগ্রাম ও মোংলা সমুদ্র বন্দর থেকে সড়ক, নৌ ও রেলপথে দেশের বিভিন্ন অঞ্চলে সরকারি গুদামে পরিবহণ কার্যক্রম অব্যাহত রাখতে হচ্ছে। এ লক্ষ্যে সরকারি জরুরি খাদ্যশস্য পরিবহণের নিমিত্ত ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধি ও গুদামের শ্রমিকবৃন্দের সংশ্লিষ্ট জেলা/উপজেলায় অবস্থিত সরকারি গুদাম ও সমুদ্র বন্দরসমূহে গমনপূর্বক পরিবহণ যান (ট্রাক/নৌযান/রেলওয়াগন) বোঝাই-খালাসের প্রয়োজনীয়তা রয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে খাদ্য অধিদপ্তরের কেন্দ্রীয়/আঞ্চলিক/জেলা কার্যালয় কর্তৃক নিয়োগকৃত সড়ক, নৌ ও রেল ঠিকাদার/প্রতিনিধি এবং নিয়োজিত শ্রমিকদের বন্দর ও সংশ্লিষ্ট জেলার সরকারি গুদামসমূহে গমনাগমনের বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৬-৭-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক (গ্রেড-১)

প্রাপকঃ

১) পুলিশ সুপার (সকল)


২) উপপুলিশ কমিশনার (সকল).....  
....., .....

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৭৬৬/১(৫৭)

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৮  
২৬ জুলাই ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ২) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) ডিআইজি (সকল).....
- ৫) পুলিশ কমিশনার (সকল).....
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৭) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৯) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম
- ১০) মেসার্স....., ....., .....



২৬-৭-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক (গ্রেড-১)